



বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স
BANGLADESH INSTITUTE OF PLANNERS

since 1974

স্বাক্ষরিত
কপি

স্মারক নং: বিআইপি/প্রশা/ইউডিডি/সি-০২৮/২০২২

তারিখঃ ১০ মে ২০২২

ড. খুরশীদ জাবিন হোসেন ভৌফিক
পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
বাংলাদেশ।

উপ-পরিচালক (প্র্যানিং/রিসার্চ)
প্রকল্প পরিচালক (নয়টি উপজেলা)
প্রকল্প পরিচালক (পায়রা-কুয়াকা)
প্রকল্প পরিচালক (কুষ্টিয়া)
সিনিয়র জিওগ্রাফার (রিসার্চ)
সিনিয়র প্র্যানার (টোল প্র্যা)/(রিঃ প্র্যা)
সিনিয়র প্র্যানার (খঃ স্কে প্র্যাঃ-১)/(খঃ স্কে প্র্যাঃ-২)
সিনিয়র প্র্যানার (টোল স্কে প্র্যাঃ সে)/(আঃ প্র্যা)
সহকারী প্রকৌশলী (সার্ভে)/টোল
হিসাব রক্ষণ কর্মকর্তা

DD IR
AO
12/05/22



দৃষ্টি আকর্ষণঃ মোঃ জাহাঙ্গীর আলী, সিনিয়র জিওগ্রাফার, নগর উন্নয়ন অধিদপ্তর।

পত্রসূত্রঃ ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০১৪.১৭.৪২৮ তারিখঃ ১০ মে ২০২২

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং নগর উন্নয়ন অধিদপ্তর এর মধ্যে সমঝোতা স্মারক এর স্বাক্ষরিত কপি প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষ থেকে সালাম ও শুভেচ্ছা জানাই।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং নগর উন্নয়ন অধিদপ্তর এর মধ্যে সমঝোতা স্মারক এর নগর উন্নয়ন কর্তৃক স্বাক্ষরিত কপি টি বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর বরাবর প্রেরণ এর জন্য আন্তরিক ধন্যবাদ জানাই।

এ প্রেক্ষিতে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স কর্তৃক স্বাক্ষরকৃত সমঝোতা স্মারকের ০১ (এক) কপি নগর উন্নয়ন অধিদপ্তর বরাবর এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনার সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।

ধন্যবাদ ও শুভকামনাসহ,

পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান

সাধারণ সম্পাদক

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)

মৌবাইলঃ ০১৭২০-০৭৯৯০৮

AFFILIATION

Commonwealth Association of Planners (CAP)

International Society of City and Regional Planners (ISOCARP)

ADDRESS

Planners' Tower (Level-7)
13/A, Bir Uttam C R Datta
(Sonargaon) Road
Bangla Motor, Dhaka-1000
Bangladesh

GPO Box : 3793
Phone : 880 2 9667653

সংযুক্তিঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স কর্তৃক স্বাক্ষরকৃত সমঝোতা স্মারকের ০১ (এক) কপি।

সমঝোতা স্মারক

সমঝোতা স্মারকটি নগর উন্নয়ন অধিদপ্তর, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ৮২ সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ ও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স, প্ল্যানার্স টাওয়ার, ১৩/এ বীর উত্তম সি আর দত্ত রোড, বাংলামটর, ঢাকা- ১০০০ এর মধ্যে স্বাক্ষরিত।

পূর্বকথা

ষাটের দশকের পর থেকে বাংলাদেশে অর্থনৈতিক উন্নয়ন ও জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে দ্রুত নগরায়ন শুরু হয়। এরই ফলশ্রুতিতে নগরীর ভৌত ও অবকাঠামোগত পরিকল্পনার প্রয়োজনীয়তা দেখা দেয়। দ্রুত নগরায়নের এই বিষয়টিকে মাথায় রেখে ১৭ই জুলাই, ১৯৬৫ সালে নগর উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠা লাভ করে। নগর উন্নয়ন অধিদপ্তর সরকারের কেন্দ্রীয় নগর পরিকল্পনা প্রণয়নকারী সংস্থা, যা নগরায়ন ও ভূমি ব্যবহার সম্পর্কিত বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করে; জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন করে এবং নগরায়ন সংক্রান্ত গবেষণা পরিচালনা করে।

অপরদিকে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান যা মূলতঃ নগর, গ্রামীণ এবং বৃহত্তর আঞ্চলিক পরিমন্ডলে ভূমি ব্যবহার, গৃহায়ণ, যোগাযোগ ও পরিবহন, অবকাঠামো, পরিবেশ পরিকল্পনা, ব্যবস্থাপনা ও উন্নয়নসহ সংশ্লিষ্ট অন্যান্য কাজে এবং অত্র ইনস্টিটিউটের সদস্যদের পেশাগত উৎকর্ষ সাধনে কাজ করে যাচ্ছে। পরিকল্পনা সংশ্লিষ্ট বাংলাদেশ সরকারের বিভিন্ন নীতি নির্ধারণে, পরিকল্পনা পেশার উৎকর্ষ সাধনে এবং পরিকল্পনা সংশ্লিষ্ট পেশাজীবীদের সহায়তা করতে প্রতিষ্ঠানটি বদ্ধপরিকর। প্রতিষ্ঠানটি পরিকল্পনা সম্পর্কিত বিভিন্ন গবেষণা, কর্মশালা, প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন সেমিনার আয়োজন করা সহ জনগণের নগর সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিতে কাজ করে থাকে। ১৯৭৪ সালে এই প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়েছে।

এমতাবস্থায়, পরিকল্পনা সম্পর্কিত বিভিন্ন গবেষণা, কর্মশালা, প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন সেমিনার আয়োজন, বিভিন্ন দিবস পালন এবং সর্বোপরি পারস্পরিক সহায়তার জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং নগর উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে কাজ করতে আগ্রহী।


নগর উন্নয়ন অধিদপ্তর ও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স সম্মিলিতভাবে “পক্ষের” ও এককভাবে প্রত্যেক “পক্ষ” হিসেবে বিবেচিত হবে।

যেখানে;

নগর উন্নয়ন অধিদপ্তর (অতঃপর এতে সরকারি সংস্থা হিসেবে উল্লেখ করা হয়েছে)

এবং

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (অতঃপর এতে সহায়তাকারী পেশাজীবী সংস্থা হিসেবে উল্লেখ করা হয়েছে)



১. সমঝোতা স্মারক সম্পাদনের উদ্দেশ্য সমূহ

পরিকল্পিত বাংলাদেশ গড়ার লক্ষ্যে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে স্ব স্ব ক্ষেত্রে এবং যৌথভাবে কার্যসম্পাদন করা। নগর পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা সমূহের সাথে নিয়মিত আলোচনা ও জনগণকে সচেতন করার জন্য বিভিন্ন প্রকার কার্যক্রম বাস্তবায়নে নগর উন্নয়ন অধিদপ্তরকে সহযোগিতা প্রদান।

২. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্ব সমূহ

(১) নগরায়ন, নগর এলাকার ভূমির সুষ্ঠু ব্যবহার ও ভূমি উন্নয়ন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা।

(২) দেশের ৪টি মেট্রোপলিটন সিটি যথাঃ- ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বাদে সকল নগর এলাকার মাস্টার প্ল্যান প্রণয়ন, নগর এলাকার অভ্যন্তরে এলাকাভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার নক্সা ও অঞ্চলভিত্তিক প্ল্যান প্রণয়ন ও সমন্বয় সাধন করা।

(৩) নগরায়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা করা ও ভবিষ্যতে নগর উন্নয়নের ক্ষেত্রে দেশব্যাপী নগর উন্নয়ন সংক্রান্ত স্থান নির্ণয় করা।

(৪) নগরায়ন কর্মসূচী প্রণয়ন করা এবং এই কর্মসূচী সংশ্লিষ্ট সেক্টর এজেন্সীগুলোর উন্নয়নমূলক কর্মকান্ডের স্থান নির্ধারনে সহযোগীতা করা।

(৫) মানব বসতি উন্নয়ন পরিকল্পনাকারী প্রতিষ্ঠান হিসাবে নগর উন্নয়ন অধিদপ্তর আন্তর্জাতিক কারিগরী সহযোগীতা বিষয়ক কর্মসূচী বাস্তবায়নে দেশের ফোকাল পয়েন্ট ও প্রতিরূপ সংস্থা হিসেবে কার্যাদি সম্পাদন করা।

(৬) ভৌত পরিকল্পনা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে সেমিনার এবং ওয়ার্কশপের আয়োজন করা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয় সম্পর্কে প্রকাশনা বের করা।

(৭) পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ইন-সার্ভিস প্রশিক্ষণ প্রদান করা।



(৮) নগর উন্নয়ন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ সংস্থাসমূহকে তাদের অনুরোধক্রমে পরামর্শ প্রদান করা।

৩. বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর দায়িত্ব সমূহ

নগর উন্নয়ন অধিদপ্তরকে সহায়তার জন্য বিভিন্ন ধরনের গবেষণা কার্যক্রম পরিচালনা, বিভিন্ন কর্মশালা, প্রশিক্ষণ এবং সেমিনার আয়োজন করা।

৪. যৌথ কার্যক্রম সমূহ

ক) পরিবেশবান্ধব নগর পরিকল্পনা গ্রহণে ইস্যুভিত্তিক গবেষণা করা ও গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে সভা, সেমিনার ইত্যাদি আয়োজন করা,

খ) বিভিন্ন প্রকার যৌথ কার্যক্রম যেমন ইস্যু ভিত্তিক দিবস উদযাপন, ডায়ালগ ইত্যাদি আয়োজন করা,

গ) জনগনের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ।

ঘ) নিজেদের মধ্যে শিক্ষা ও শিক্ষনের লক্ষ্যে প্রাপ্ত তথ্য-উপাত্ত ও প্রতিবেদন বিনিময় করা,

ঙ) বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং নগর উন্নয়ন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক উন্নয়নে পারস্পরিক সহযোগিতা করা।

৫. সমঝোতা স্মারকের মেয়াদ


এই সমঝোতা স্মারকের মেয়াদ হবে দুই (০২) বছর। তবে উভয় পক্ষের পারস্পরিক সমঝোতার ভিত্তিতে এ সময়সীমা বৃদ্ধি করা যাবে।

৬. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশল

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রকার ইস্যু ভিত্তিক কার্যক্রম উভয় পক্ষের আলোচনার ভিত্তিতে যৌথভাবে আয়োজন করবে বা আয়োজনে সহযোগিতা প্রদান করবে।

৭. সমঝোতা স্মারকের সংশোধন, পরিবর্ধন ও পরিমার্জন

সমঝোতা স্মারকটি উভয় পক্ষের আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে ও সম্মতি সাপেক্ষে সংশোধন, পরিবর্ধন ও পরিমার্জনযোগ্য বলে বিবেচিত হবে।



৮. সমঝোতা স্মারক বাতিল


যে কোন পক্ষ উপযুক্ত কারণ বর্ণনা সাপেক্ষে ৩০ (ত্রিশ) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সমঝোতা স্মারক বাতিল করতে পারবে।


৯. দ্বন্দ্ব নিরসন ও বিরোধ নিষ্পত্তি

সমঝোতা স্মারকের কোনরূপ ব্যাখ্যা প্রয়োজন হলে বা সাংঘর্ষিক কোন বিষয় সৃষ্টি হলে উভয় পক্ষের পারস্পরিক সহযোগিতায় উদ্ভূত পরিস্থিতি নিরসনে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখবে।

স্বাক্ষর


স্বাক্ষর



09.05.2022
(ড. খুরশীদ জাব্বার হোসেন ভৌফিক)
পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা


03.05.22
(ফজলে রেজা সুমন)
সভাপতি
লাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স, ঢাকা

স্বাক্ষী ০১

স্বাক্ষী ০২


02/05/2022
(আহমেদ আখতারুজ্জামান)
উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়) অতিরিক্ত দায়িত্ব
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা


02/05/2022
(শেখ মুহাম্মদ মেহেদী আহসান)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স, ঢাকা

OK